



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী ৬২০৪, বাংলাদেশ।

স্মারক নং: রুয়েট/জস/৪২/২০২৩

তারিখঃ ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ

সংবাদ বিজ্ঞপ্তি

রুয়েটে ১ম বর্ষের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত: ক্লাস শুরু ৩০ সেপ্টেম্বর

প্রকৌশল ও প্রযুক্তি বিষয়ক শিক্ষার্থীদেরই প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার ক্ষেত্রে নেতৃত্ব দিতে হবে। এজন্য তাদের অবশ্যই ক্লাশের শিক্ষার পাশাপাশি হার্ডস্কিল ও সফটস্কিল অর্জন করতে হবে।

আজ বুধবার সকালে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) ১ম বর্ষের ২০২২-২০২৩ সেশনে ভর্তিকৃত শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের অংশগ্রহণে অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে প্রধান অতিথির বক্তব্যে এই কথা বলেন উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম।

ওরিয়েন্টেশনের শুরুতেই স্কিনে রুয়েটের বিভিন্ন শিক্ষা, গবেষণা ও কো-কারিকুলার কর্মকাণ্ড নিয়ে নির্মিত একটি চমৎকার তথ্যচিত্র প্রদর্শন করা হয়। এরপর রুয়েটের একাডেমিক অর্ডিনেন্স, ডিসিপ্লিনারি রুলসসহ বিভিন্ন শিক্ষা ও গবেষণা কার্যক্রম উপস্থাপন করেন তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. মো. রবিউল ইসলাম, পুরকৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. মো. নিয়ামুল বারী, ফলিত বিজ্ঞান ও মানবিক অনুষদের ডীন অধ্যাপক ড. মো. সাজ্জাদ হোসেন এবং ছাত্র কল্যাণ দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. রবিউল আওয়াল। ওরিয়েন্টেশনে স্বাগত বক্তব্য রাখেন ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষা-২০২৩ কমিটির সভাপতি ও যন্ত্রকৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. মো. রোকনুজ্জামান। এছাড়াও বক্তব্য রাখেন রুয়েটের পুরকৌশল বিভাগের প্রাক্তন অধ্যাপক ইকবাল মতিন এবং দুই জন অভিভাবক ও দুই জন ১ম বর্ষে ভর্তিকৃত নবীন শিক্ষার্থী। অনুষ্ঠান পরিচালনা করেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রভাষক আজমাঈন ইয়াক্বীন সৃজন ও ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের প্রভাষক ঐশী জ্যোতি।

ওরিয়েন্টেশন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভিন্ন ইন্সটিটিউটের পরিচালক, বিভাগীয় ও দপ্তর প্রধান এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আরিফ আহম্মদ চৌধুরী সহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

উল্লেখ্য চলতি ২০২২-২০২৩ সেশনে ১ম বর্ষে রুয়েটের ১৪ টি বিভাগে ১২৩৫ জন ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছে।

নবীন শিক্ষার্থীদের পদচারণায় মুখরিখ হয়ে উঠেছে রুয়েট ক্যাম্পাস। শিক্ষার্থীদের সাথে কোন ধরনের বুলিং কিংবা র্যাগিং করার ক্ষেত্রে কঠোর নিষেধাজ্ঞা আরোপ করেছে রুয়েট কর্তৃপক্ষ। এমন কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে সর্বোচ্চ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও এক প্রজ্ঞাপন জারী করেছে রুয়েট কর্তৃপক্ষ।

বার্তা প্রেরক

স্বাক্ষরিত/-

উপ-পরিচালক

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়